বিদ্যা বড় সম্পদ

ইবন-ই-ইনশা

অনুবাদ- সুচান্দ্রিমা চৌধুরী

বিদ্যা হল সম্পদ।

বিদ্যালয় খোল। বিদ্যালয় খোল।

কর বিদ্যা দান।

নাও মোটা বেতন।

কর অর্থ উপার্জন।

অর্থই অর্থ।

পড়াতে বিশ।

বাসের জন্য চল্লিশ।

খেলা ধুলার অতিরিক্ত।

শিল্পকলারও অতিরিক্ত।

পিকনিকও কিন্তু বিনাপয়সায় নয়।

কর আয়।

তাদিয়ে খোলো আরো বিদ্যালয়।

অর্থ, কর আরও অর্থ আয়।

এই ত সবে শুরু।

চলুক এই পথ চলা।

যত দিন আছে চাঁদ তারা।

পড়াশোনা বড় ভাল।

পড়। আরো পড়।

পড় বই।

পড় টেলিফোন ডাইরেকটরি।

পড় ব্যাঙ্কের যোগ, বিয়োগ, গুনণ।

পড় পাত্রপাত্রির বিজ্ঞাপণ।

আর অন্য কিছু? পোড়ো না।

মীর বা গালিব, কখনো না।

ইকবাল বা ফৈজ, তাও না।

ওসব পড়লে যদি না দাঁড়াও জীবনে।

তার দায় আমরা নেবো নাকো মেনে।